

ঢাকা রাইজিং স্টারস, ঢাকা স্টারস ও প্রভা অরোরা'র মধ্যে ত্রিপক্ষীয় চুক্তি

প্রকাশিত: ১০ ডিসেম্বর, ২০২২ ০২:২৮ অপরাহ্ন

রোটারী ক্লাব অফ ঢাকা রাইজিং স্টারস, রোটারী ক্লাব অফ ঢাকা স্টারস এবং প্রভা অরোরা'র মধ্যে ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গত শুক্রবার (৯ ডিসেম্বর) সন্ধ্যায় মোহাম্মদপুরে রোটারী ক্লাব অফ ঢাকা রাইজিং স্টারসের বার্ষিক সভা শেষে এ চুক্তি স্বাক্ষর হয়।

ঢাকা রাইজিং স্টারসের চার্টার্ড প্রেসিডেন্ট প্রফেসর শাহ আলম চৌধুরী ও ক্লাবের প্রেসিডেন্ট এসওএস চিলড্রেস ভিলেজের ন্যাশনাল ডিরেক্টর ডা. এনামুল হক, রোটারী ক্লাব অফ ঢাকা স্টারসের চার্টার্ড প্রেসিডেন্ট রোটারিয়ান মাহমুদ হাসান, প্রভা অরোরা'র প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক রোটারিয়ান বিধান চন্দ্র পাল চুক্তিপত্রে স্বাক্ষর করেন। এ সময় ক্লাবের সম্মানিত সদস্য এবং প্রভা অরোরা'র প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন।

চুক্তির আওতায় ১৮-৩৫ বছর বয়সী তরুণ-তরুণী এবং রোটারিয়ানদেরকে জলবায়ু পরিবর্তন মোকাবেলার জন্য বিশেষ প্রশিক্ষণ প্রদান ও পাঁচটি ধাপে তাদেরকে বিভিন্ন কাজে যুক্ত করার মাধ্যমে ক্লাইমেট হিরো হিসেবে স্বীকৃতি প্রদান করা হবে। এ ছাড়াও জলবায়ু পরিবর্তন নিয়ে তরুণ-তরুণী ও রোটারিয়ানদের নানামুখি এ কর্মযজ্ঞ সমন্বয় সাধনের জন্য অদূর ভবিষ্যতে আলাদা একটি ক্লাইমেট হিরো রোটারী সেন্টারও গড়ে তোলার কথা জানানো হয়। কার্যক্রমটি রোটারী ক্লাব অফ ঢাকা রাইজিং স্টারস এবং রোটারী ক্লাব অফ ঢাকা স্টারসের সিগনেচার প্রকল্প হিসেবে বিবেচিত হবে। এটি বাস্তবায়ন করার ক্ষেত্রে মূখ্য ভূমিকা পালন করবে সোশ্যাল এন্টারপ্রাইজ প্রভা অরোরা।

বক্তব্যে তারা বলেন, প্রভা অরোরা আন্তর্জাতিকভাবে স্বীকৃত দেশীয় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বিশেষভাবে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় তার কর্মকাণ্ডের মাধ্যমে ইতোমধ্যে বিশেষ সুনাম অর্জন করেছে। রোটারীর সাথে বিশেষ এই কর্মকাণ্ডের মাধ্যমে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় তরুণ সমাজকে সম্পৃক্ত করে ও বিশেষায়িত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে গুরুত্বপূর্ণ অবদান রাখা সম্ভব হবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন।

পাঁচ বছর মেয়াদী এ চুক্তির আওতায় জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়েও এই কার্যক্রমের ফলাফল ছড়িয়ে দেওয়ার অঙ্গীকার প্রতিষ্ঠানগুলোর প্রতিনিধিরা ব্যক্ত করেন।

সম্পাদক ও প্রকাশক: সিদ্দিকুর রহমান খান

ঢাকা ট্রেড সেন্টার, লেভেল-পাঁচ, ৯৯ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা -১২১৫।
